তারিখ ... 11 DEC 2013
... ৪ ... ৩ ...

# বেসরকারি শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতা হস্তান্তর

নিজস্ব বার্তা পরিবেশক

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের-(স্কুল, কলেজ ও মাদ্রাসা) শিক্ষক-কর্মচারীদের নভেম্বর মাসের বেতন-ভাতাদির সরকারি অংশ (এমপিও) গত ৯ ডিসেম্বর অনুদান বণ্টনকারী অগ্রণী ও রূপালী ব্যাংক লিমিটেডের প্রধান কার্যালয়ে এবং জনতা ও সোনালী ব্যাংক লিমিটেডের স্থানীয় কার্যালয়ে হস্তান্তর করা হয়েছে। আগামী ১৯ ডিসেম্বর পর্যন্ত সংশ্লিষ্ট শাখা ব্যাংক হতে শিক্ষক-কর্মচারীরা তাদের স্ব-স্ব ব্যাংক অ্যাকাউন্ট নম্বরের মাধ্যমে নভেম্বরের বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন করতে পারবেন।

এছাড়াও গত অক্টোবর মাসের বেতন-ভাতার এমপিও কপি সংশ্লিষ্ট ব্যাংকে নির্ধারিত সময়ের মধ্যে না পৌঁছানোর কারণে যে সব প্রতিষ্ঠান বেতন-ভাতাদি উত্তোলন করতে পারেননি, সে সব প্রতিষ্ঠান বর্তমান মাসের নির্ধারিত সময়ের মধ্যে তা উত্তোলন করতে পারবেন। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল এ তথ্য জানানো হয়।